

১৬ ডিসেম্বর ২০২৩, টোকিও

টোকিওতে মহান বিজয় দিবস ২০২৩ উদযাপিত

টোকিওস্থ বাংলাদেশ দূতাবাস যথাযথ মর্যাদায় মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন করেছে।

বিজয় দিবস উপলক্ষ্যে আজ সকালে (১৬ ডিসেম্বর ২০২৩, শনিবার) দূতাবাস প্রাঙ্গণে দিনের কার্যক্রম শুরু হয় জাতীয় সংগীতের সঙ্গে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে। পতাকা উত্তোলন করেন জাপানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদ। পরে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে বীর শহিদদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়।

এরপর দূতাবাসের বঙ্গবন্ধু মিলনায়তনে অনুষ্ঠানের পরবর্তী অংশে জাপানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদের নেতৃত্বে জাপানের প্রবাসী বাংলাদেশি ও দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এরপর মহান মুক্তিযুদ্ধে বীর শহিদদের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া (মোনাজাত) করা হয়।

পরে মহান বিজয় দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী ও পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করা হয়।

আলোচনা পর্বে রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদ সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীন বাংলাদেশের মহান সূত্রপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৯৭৫ সালের ১৫ই আগস্ট নিহত বঙ্গবন্ধু পরিবারের সদস্যদের, জাতীয় চার নেতা, মুক্তিযুদ্ধের সকল শহিদ, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং সম্ভ্রম হারানো সকল বীর মা-বোনদের শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি জাপান প্রবাসীসহ সবাইকে বিজয় দিবসের শুভেচ্ছা জানান।

রাষ্ট্রদূত বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিরলস পরিশ্রম ও প্রাজ্ঞ নেতৃত্বে বাংলাদেশের উন্নয়ন ও অগ্রগতি আজ সমগ্র বিশ্বে স্বীকৃত। তিনি উন্নয়নের এই ধারাবাহিকতা রক্ষা ও প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে একটি উন্নত, সমৃদ্ধ ও জ্ঞানভিত্তিক স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সবাইকে নিজ নিজ অবস্থান থেকে অবদান রাখার এবং বাংলাদেশের মর্যাদা অটুট রাখার আহ্বান জানান।

জাপান বাংলাদেশ সোসাইটির প্রেসিডেন্ট সাবেক রাষ্ট্রদূত মাসাতো ওয়াতানাবে, দুদেশের মধ্যে বিদ্যমান সম্পর্ক ও বাংলাদেশের উন্নয়নের কথা তুলে ধরেন এবং আশা প্রকাশ করেন ভবিষ্যৎ বাংলাদেশ হবে আরো উন্নত ও আধুনিক।

পরে উন্মুক্ত আলোচনায় অংশ নেন জাপান প্রবাসী বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

মহান মুক্তিযুদ্ধের উপর তথ্যচিত্র প্রদর্শনের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

16 December 2023, Tokyo

Victory Day 2023 Celebrated in Tokyo

The glorious Victory Day 2023 was observed in Tokyo with much enthusiasm and fervor.

This morning (16-12-2023, Saturday) the program started with hoisting of the National Flag with rendition of the National Anthem at the Embassy premises by the Ambassador of Bangladesh to Japan Shahabuddin Ahmed. Later one-minute silence of respect was observed in the memory of the martyrs of the war of independence of Bangladesh in 1971.

Later, the invited guests including Bangladeshi expatriates in Japan and the Embassy officials led by Ambassador Shahabuddin Ahmed laid floral wreaths on the portrait of Father of the Nation, Bangabandhu Sheikh Mujibur Rahman at the Bangabandhu auditorium. A special prayer was offered for the peace and salvation of the souls of valiant freedom fighters who made the supreme sacrifices during the liberation war. Besides, messages given on the Victory Day by the President, Prime-Minister, Foreign Minister and State-Minister for Foreign Affairs were read out to the audiences.

In the discussion session, Ambassador Shahabuddin Ahmed solemnly recalled and paid tribute to the greatest Bengali of all time, the architect of Bangladesh, Father of the Nation, Bangabandhu Sheikh Mujibur Rahman and his family members who died on 15 August 1975. He also paid homage to the martyrs of our liberation war, national four leaders, organizers and supporters of liberation war and sacrifices made by the two lacs women who lost their dignity and honor for the country. He said, due to Prime Minister's hard work and prudent leadership, Bangladesh's development and progress are now recognized worldwide. The ambassador urged all concerned to contribute more from their respective positions to implement the 'Vision 2041' declared by Prime Minister Sheikh Hasina to turn Bangladesh into a developed, prosperous and knowledge based smart country and to uphold the image of our country abroad.

President of Japan Bangladesh Society Ambassador Masato WATANABE also took part in the discussion. He lauded fifty years of strong relations between the two countries and development of Bangladesh. He hoped that future Bangladesh would be more developed and prosperous. Later leaders of the Bangladesh community and various social and cultural organizations living in Japan participated in the open discussion on the importance of the victory day.

The program ended with screening a video documentary on the liberation war of 1971.